

া সালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্কামত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আযানের পর মসজিদ থেকে বের হওয়া

আযান হয়ে গেলে বিনা ওজরে নামায না পড়ে মসজিদ থেকে বের হয়ে যাওয়া বৈধ নয়।

মহানবী (ﷺ) বলেন, "মসজিদে অবস্থানকালে আযান হলেই তোমাদের কেউ যেন নামায না পড়া পর্যন্ত মসজিদ থেকে বের না হয়।" (আহমাদ, মুসনাদ, মিশকাত ১০৭৪ নং)

এক ব্যক্তি আযানের পর মসজিদ হতে বের হয়ে গেলে আবূ হুরাইরা তার প্রতি ইঙ্গিত করে বললেন, 'এ লোকটা তো আবুল কাসেম (ﷺ) এর নাফরমানী করল।' (মুসলিম, আবূদাঊদ, সুনান ৫৩৬ নং, তিরমিয়ী, সুনান, ইবনে মাজাহ্, সুনান, দারেমী, সুনান, বায়হাকী)

আল্লাহর রসূল (ﷺ) বলেন, "যে ব্যক্তির মসজিদে থাকা অবস্থায় আযান হয়, অতঃপর বিনা কোন প্রয়োজনে বের হয়ে যায় এবং ফিরে আসার ইচ্ছা না রাখে সে ব্যক্তি মুনাফিক।" (ইবনে মাজাহ্, সুনান, সহিহ তারগিব ১৫৭নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2816

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন